



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 4th Semester Examination, 2020

BNGACOR10T-BENGALI (CC10)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। প্রতিটি একক থেকে একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

একক-১

(ক) মহাকাব্য কাকে বলে ? মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি বাংলা ভাষার একটি সার্থক সাহিত্যিক মহাকাব্যের আলোচনার মাধ্যমে দেখাও। ৩+৭

অথবা

(খ) পৌরাণিক নাটকের সংজ্ঞা লেখো। বাংলা ভাষায় রচিত একটি পৌরাণিক নাটকের পরিচয় দাও। ২+৫+৩
পৌরাণিক নাটকের জনপ্রিয়তা হ্রাসের কারণ কী ?

একক-২

(গ) ছোটগল্প কাকে বলে ? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি কী কী ? সেই বৈশিষ্ট্যের নিরিখে একটি সার্থক বাংলা ছোটগল্পের পরিচয় দাও। ২+৩+৫

অথবা

(ঘ) প্রবন্ধের শ্রেণীবিভাগ করে ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ২+৮

একক-৩

(ঙ) “কবি যে কাব্যের মায়াজগৎ সৃষ্টি করেন, তার কৌশলটি কী ?” — প্রাবন্ধিকের এই প্রশ্নের উত্তর তিনি যেভাবে দিয়েছেন তা আলোচনা করো। ১০

অথবা

(চ) “যেখানে কাব্যের শব্দ ও অর্থ নিজেদের প্রাধান্য পরিত্যাগ করে ব্যঞ্জিত অর্থকে প্রকাশ করে পণ্ডিতেরা তাকেই ধ্বনি বলেছেন।” — ধ্বনি বলতে পণ্ডিতেরা কী বুঝিয়েছেন তা লেখো। প্রসঙ্গত ধ্বনিবাদীরা যে সকল সাবধান বাণী শুনিয়েছেন সেগুলি উল্লেখ করো। ৬+৪

একক-৪

(ছ) “সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।” — আলোচনা করো। ১০

অথবা

(জ) “আগাগোড়া সমস্তই স্পষ্ট, সমস্ত পরিষ্কার, সে কেবল ব্যাকরণের নিয়মের মধ্যে থাকিতে পারে; কিন্তু প্রকৃতিতেও নাই, কাব্যেও নাই।” — উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অন্তর্গত? ব্যাকরণের নিয়মে স্পষ্টতা ও প্রকৃতি এবং কাব্যের নিয়মে অস্পষ্টতার কারণ বুঝিয়ে দাও। ২+৮

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো একটি)

একাক্ষ নাটক, গাথাকাব্য

(খ) টীকা লেখোঃ (যে-কোনো একটি)

পত্রসাহিত্য, আঞ্চলিক উপন্যাস

(গ) কাব্যং গ্রাহ্যমালঙ্কারং — ব্যাখ্যা লেখো।

(ঘ) “অনেক পণ্ডিত ভবিষ্যদবাণী প্রচার করেন যে, সভ্যতা বিজ্ঞানের সঙ্গে সঙ্গে সাহিত্যের বিনাশ হইবে। যদি হয় তবে সভ্যতারও বিনাশ হইবে।” — সভ্যতা ও সাহিত্যের মধ্যে সম্পর্কের স্বরূপটির পরিচয় দাও।

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—